

1st April Kolkataআসছি এটা নয় গুল
ভুল করেও ভেবনা এটা April Fool
ছুটি ম্যানেজ করেছি মাত্র ৮ দিন
অপেক্ষা করে বসে আছি এখন রাতদিন



রবিবারের দুপুরে পেয়ে মুরগী দেশি
লোভের বশে খেয়ে ফেললাম বেশি



দিনে দিনে আপনা আপনি বাড়ছে আমার ভুড়ি
প্রতিজ্ঞা করছি রোজ বিকেলে খাব না চপ মুড়ি ।
পেটের ভিতর আজ আমার ভীষন হয়েছে গ্যাস
মনে হচ্ছে কাটাতে হবে ল্যাদ খাবার অভ্যাস ।

# Remake of very famous song
# '**Aaha Ki Anando Akashe Batase** '



আহা কি আনন্দ Idly খাওয়াতে (৩বার)
সাথে সাথে বৌ ডাকে
কত Dhosha চারিপাশে
সাথে সাথে বৌ ডাকে
কত Dhosha চারিপাশে
আহা কি আনন্দ Idly খাওয়াতে

আজকে মোদের বড়-ই সুখের দিন (বিয়ের দিনতো তাই
আজ বাবার বাধন ছেড়ে মোরা হয়েছি স্বাধীন (2 বার)
আহা হয়েছি স্বাধীন
আজ মোয়া খাব দুলেদুলে
Rassom আনতে যাব দূরে
বলবো কথা রজনীর সুরে
Curd Rice খাবার কথা আসে
মনে Curd Rice খাবার কথা আসে
মনে আসে! ফিরে আসে !

আহা কি আনন্দ Chennai-er বাতাসে
Note:Rassom- তেতুলের ঝোল

Remake of very famous Song
'Aha Ki Anando Akashe Batashe'

By Dholkobi

# (For those who can't read Bengali)



Aha ki anondo Idly Khaote! (3 times)
Sathae Sathae, Bou pashe,
Koto Dhosha, chari pashe!
Sathae Sathae, Bou daake,
Koto Dhosha, chari pashe!
Aha ki anondo Idly Khaote!

Aajke moder boroi shukher din! (Biyer dinto tai) (2 tim
Aaj babar badhon chere mora hoyechi shadhin! (2 tim
Ahaa hoyechi shadhin!
Aaj moya khabo dule dule,
Rassom ante jabo dure.
Bolbo kotha Rajnir shure,
Curd Rice khabar kotha ashe,
Mone Curd Rice khabar kotha ashe,
Mone ashe!... Phire ashe!

Aha ki anondo Chennai-er Batase!


Remake of very famous Song
'Aha Ki Anando Akashe Batashe'

By Dholkobi

(For those who can't read Bengali)

দুখি না শুখি

অনেক কিছুই ভেবে ফেলতাম যখন বয়স ছিল অল্প
আপন মনে বানিয়ে ফেলতাম রুপকথার ওই গল্প।
একে একে সব মেয়েরাই দিল আমায় ফাকি
যাদের আমার ভাল লাগে তারাই পরায় রাখি ।
ছেলেটা আমি ভীষন লাজুক কেবল পাই লজ্জা
অধরা বোধহয় থেকেই গেল আমার ফুলসজ্জা ।
সবার মাঝে হম্বি তম্বি ,মেয়ের সামনে fuse
কেমনে যেন বন্ধ হয় আমার brain-এর use .
সবার বিয়ে attend করি চেপে মনের ব্যথা
নিজের বিয়ে ভাবতে গেলেই খারাপ হচ্ছে মাথা ।
যার সাথে ভাব করি সেই দেখি book
সবাই দেখি engaged,যেমনই হোক মুখ ।
লোকে বলে আমি নাকি আলকাতরা কম্পানির ম্যানেজার
কলকাতা থেকে চেন্নায়ে তাই করে দিয়েছে পাচার ।
হিড়িম্বা ,পুতনাদের দেখতে দেখতে ঝলসে গেল দৃষ্টি
বুঝে গেলাম ভগবানের অদ্ভুত সব সৃষ্টি।
মোটা মোটা মেয়েদের উপর এখন তাই নজর
দেখতে দেখতে কেটে গেল ২৮টা বছর ।
প্রথম প্রথম আমার কিন্তু choice ছিল ভাই
সময় যত এগোল আমি ততোই নিচে নেমে যাই ।
ব্যাচেলার মানুষ এখনও মনকষ্টে থাকি
মুখের উপর হাসি দিয়ে দুঃখটা ঢাকি ।
বঙ্কিম বলে “রুমমেট হয়ে আমারও same হাল
আমার কথা না লিখলে তুলে নেব ছাল।"
আলু ,পল্লব মেস ছেড়ে বিয়ে করে নিল
তারপর বিয়ে নিয়ে প্রচুর funda দিল ।
সব শুনে এখন আমার উড়ে গেছে ঘুম
ব্যাচেলার লাইফটাকেই করলাম তাই Zoom.



**Dholkobi**

# Chhheee ar Leader ??





CheerLeader CheerLeader খেলা দেখতে যাব
CheerLeader ,তুমি কি আর আগের মত নাচ ।
খেলার সাথে তোমাদেরকে দেখতে যাই মাঠে
তোমরা নতুন এসেছ আমাদের এই তল্লাটে ।
CheerLeader তোমায় নিয়ে গিলতে যাব পোলাও
Batsman-ra Out হলে ওসব কেন দোলাও।
পর তুমি রঙীন বিকিনী ,আধা খোলা Dress
তোমার পিছনে কে বসবে লেগে গেছে Race .
কুঞ্জে অলি সেক্সি বোলিং Brian Lara o গ্রিপে
নয়নতারা ও আটকে গেছে Fine লেগের ডিপে।
চার ছয় মারলে পড়ে শুরু কর Dance
কেরামতি দেখানোরও পেয়ে যাও Chance .
টাকার খেলা IPL-e তোমরা শুধু পন্য
সাবধানে থেকো হেথায় Maximum-e বন্য ।
জুড়িয়ে দিল আমার মন ,পুড়িয়ে দিল চোখ
বাড়িতে এসে বলেছিলাম ওদের ভাল হোক ।
CheerLeader তোমরা এখানে Sensitive issue
কতক্ষন আর চেপে রাখব ,করতে গেলাম হিশু ।





**By Dholkobi**



By Saikat & Dholkobi

## ইস্যুর মুখে শিশুর হিশু



বয়স আমার বছর দুয়েক , লোকে বলে শিশু
বিছানাতে হিশু করাই লোকের কাছে ইস্যু
পাপারাজিরা ভিশন active ,নেইকো ওদের ভরসা
কাউকে ওরা বাদ দেয়না কালো থেকে ফর্সা
যদি কোনো ফাঁকফোঁকরে, আমার হিশুর খবর
নিয়ে বানায় মালগুলো তা,হেডলাইনটা জবর
সকাল সকাল কাগজ খুলে ঘাটছি তাই news
দেখে শুনে মার্কেট-এর হাল,উড়ে গেছে ফিউস
খবরের কাগজ পরে ফেলেই মনে লাগে শংকা
পৃথিবী জুড়ে বাজছে বুঝি কেলেঙ্কারির ডঙ্কা
দিতেই হবে মালগুলোকে কোনো না কোনো শাস্তি
কিছুই না করলে পরে হবে না মোর সোয়াস্তি
যতই লোকে ভাবুক ইস্যু,ছোট্ট আমি শিশু
কাগজখানা গুজেই খাটে, রাতে করব হিশু




কলা-বৌএর পাশে শুয়ে লাগছে ভীষন মস্তি
অনেক বছর পটানোর পর তবেই হয়েছে দোস্তি ।
কলা বৌকে পটানোর রাস্তা ভীষন কঠিন
Funda জোগাড় করতে আমার লেগে গেছে বহু দিন ।

**By Dholkobi**

মশার পেশা

গরমকাল পড়লে আমাদের মনে লাগে ফূর্তি
মানুষের রক্ত চুষে চুষে পেট হয়ে যায় ভর্তি ।
হাওয়ার লোভে মানুষগুলো মশারি দেয় খুলে
আমাদের অস্তিত্ব বুঝি হঠাৎই যায় ভুলে ।


Mortin, GoodNight  যতই করুক বিস্তার
আমাদের হাত থেকে কেউ পাবেনা নিস্তার।
R&D  খুব active ,আছে তাদের সুখ্যাতি
অল্প সময়ে বার করে ফেলে বাচার নানান পদ্ধতি ।




Board Meeting-e সবাই মোরা share করি gyaan
কি করে বাচাতে হবে আমাদের এই ক্ষুদ্র প্রান।
GPS use করে leader  দেয় খবর
কোথা দিয়ে ঠুকতে হবে ,কোথায় আছে ফাকফোকর ।





On করে night vision  যেমন খুশি কামড়াই
চিন্তার কোন কারন নেই, clot হবে না চামড়ায় ।
Drilling & Sucking  করা ছিল মোদের নেশা
নেশাই এখন হয়ে গেছে আমাদেরই পেশা ।




আমাদের Sales  strategy  ভীষন ভাবে শক্ত
কত রকম virus বেচি যখন চুষি রক্ত ।
চাওয়া ,নাচাওয়াকে আমরা দিই না কভু পাত্তা
সবার কাছে দেখাতে চাই নিজস্ব এক সত্তা ।



নির্লজ্জ মানুষদের কামড়াই না আমরা
শুনেছি ওদের নাকি গন্ডারের চামড়া ।
পূর্বপুরুষ অজান্তে  ঢুকিয়েছিল হুল
শিক্ষা দেখে দ্বিতীয়বার আর হবে না ভুল ।




Social networking site-e আমাদের অনবরত আপডেট
ঘরের ভিতর কজন আছে,খোলা আছে কোন সে গেট ।
আলেকজান্ডারের সেনার চেয়ে বড় আমাদের দল
কোথায় শুরু কোথায় শেষ কেউ পাবে না তল ।
ছোট বলে আমাদেরকে কোরনা অবহেলা
হতেই পারে আমাদের কামড়ে তোমার জীবন ঢিলা ।



By Dholkobi


# কলার গলা

জন্ম হতেই বাবা মা gift করেছে সবুজ জামা
একটু আমরা পেকে গেলেই পাল্টে পরি হলুদ জামা।
সিঙ্গাপুরীটা নোঙরা ভীষন ,এক জামাতেই কাটায় জীবন
বোঝাই যায় না কখন যে তার এসে যায় ভরা যৌবন ।






কৌরবেরা একবার করতে চেয়েছিল বস্ত্রহরন
তাতেই দেখি দ্রৌপদী কেঁদেকেঁদে করছিল বারন ।
আমাদের তো regular-e  হয়ে যাচ্ছে বস্ত্রহরন
ভাগ্য দোষে আমরা ,করতেও পারছিনা তোদের বারন ।
বস্ত্রহরন করেও তোরা হোস না কেন শান্ত ?
আমাদেরকে গিলে ফেলে তবেই হোস ক্ষান্ত।
আমাদের উপর এই অত্যাচার চলবে কতদিন
একলা বসে এখন আমি ভাবি রাত্রিদিন ।



মোদের চোখায় পা পিছলে উল্টে পড়িস যখন
নির্যাতিত জীবনে মোদের শান্তি আসে তখন ।



By Dholkobi

বিরাট কোহলি-কবিতা -২



ভারতবর্ষের ক্রিকেটে প্রতিভার নেই ঘাটতি
প্রশ্ন শুধু একটাই ‘‘আছ কি তুমি দলে, নাকি তুমি বারতি ।
কোহলি ছিল দিল্লীর এমনই এক সাদামাটা ছেলে
অল্প বয়সে ভাল খেলে চান্স পেয়ে গেল দলে।
দিনে দিনে খুলছে যে তার ব্যাটিং করার হাত
বিশ্বজুড়ে দেখিয়ে দিচ্ছে নিজের আসল জাত ।
হোবার্টে করা ১৩৩ পড়াল নতুন মুকুট
সহ অধিনায়কের দিয়ে দিল চিরকুট।
অস্ট্রেলিয়ায় মালিঙ্গার চুল দিয়েছিল ঝাকিয়ে
এশিয়া কাপে প্রথম ম্যাচে century দিল হাকিয়ে।



ভারত -পাকিস্তানের ক্রিকেট ম্যাচ সবসময়ই যুদ্ধ
খেলা দেখতে বসলে পরে হয়ে যায় বাকরুদ্ধ ।
৫০ ওভারে ৩৩০ চেস করা নয় সোজা
ভাল ভাল বোলারেতে পাকিস্তান টিম গোজা।
বোলিং এর সময় শচীনের আঙুল গেল ফেটে
যত ছিল calculation সবই গেল ঘেটে।
২ বলে গৌতম গাম্ভীর যেই হল আউট
সাথে সাথে শুরু হল সবার মনে ডাউট ।
কোহলি কি পারবে আবার সেই খেলাটা খেলতে ?
পাকিস্তানের বোলারদের পারবে কি ঠিক ঝেলতে ?
ভুতের রাজা কোহলিকে বোধহয় দিয়েছে recent বর
বোলারদের পিটিয়ে পিটিয়ে বাধিয়েদিচ্ছে জ্বর ।
পাকিস্তানের সাথে ১৮৩ করেনি কেউ আগে
ভারতের কাছে আবার হেরে পিত্তি জ্বলে রাগে ।




**by Dholkobi**



# ওগো কুকুর কোলে তুলোনা

By Dholkobi

আমি সেই কুত্তা ,থাকি তার কোলে
টলিউডে তাকে সবাই শ্রাবন্তী বলে ।
ছিলেম আমি অতি সাধারন জানত না যে কেউ
নায়িকার কোলে আজ আমি করি ঘেউ ঘেউ ।
দিদিমনির কোলে উঠে চক্ষু চরক গাছ
আমায় দেখে অন্য কুকুর লেজ দুলিয়ে নাচ ।
নরম কোলের গরম কি আর সইবে আমার ধাতে
বয়ফ্রেন্ড ভেবে মাঝে মাঝে জড়িয়ে ধরে রাতে ।
কুকুর আমি কুকুর ওগো মানুষ আমি নই
মালিকের কাছে সারাজীবন বিশ্বস্ত হয়ে রই ।
কোন প্রলোভনে আমি দিই না কভু পা
আমার কথা বিশ্বাস না হলে ''বাপি বাড়ি যা ।

-: ভুতেদের দূঃখ :-



বহুকাল আগে মোদের ছিল কত নামডাক
সময়ের জাতাকলে হয়ে গেছি নির্বাক ।
নাম শুনে সব লোকে থরহরি কম্প
আমাদের দেখলে করত কত লম্ফ ঝম্প ।
আমাদের নিয়ে কত লেখালেখি , হতো কত বই
শ্বশানে না কবরে ,আজ মোরা কোথা রই ?
ব্রহ্মদৈত্যির কাছে নিতাম কত Training .
শিখে নিতাম ভয় দেখানোর আজব রকম Planning .
শাঁক-চুন্নীর সাথে শেওড়া গাছেতে Romance করতাম কত
তাই দেখে *গলাকাটা* আর *মামদো* দুটো জ্বলেপুরে যেত ।
*পান্তভুতের* ছানারা বসিয়ে দিত মেলা
*গলাকাটার* মুন্ডু নিয়ে করল ফুটবল খেলা ।
তাই না দেখে ‘ *স্কন্ধকাটা* হতে চেয়েছে কোচ্
পেত্নীর হাতে খেয়েছে সে কাকের ডিমের পোচ্ ।
মনে করে সেদিনের কথা আজ আবার তুললাম
মরেও বেচে আছি মোরা ,এই কথাটা বললাম ।





হঠাৎ করে কোথা থেকে Modern ফ্লু এল
আমাদের জারিজুরি সব Boring হয়ে গেল ।
আমাদের ম্যানেজমেন্টকে নিতেই হল Decision
Implement করতে করতে লেগে গেল Recession .

Sound Free জায়গা ছিল মনের মতন বাসস্থান
Promoter উদ্বাস্তু করে বানিয়ে দিল আবাসন ।
কচিকাচা দিনরাত (computer/mobile) game খেলে যাচ্ছে
আমাদের জারিজুরি দেখিতে না পাচ্ছে ।
আগে কত সহজে হয়ে যেতাম হিরো
Technology পাল্লায় পরে হয়ে গেছি জিরো ।
শিখব কি শিখব না এই করে দ্বন্দ
হ্যালোজেনের আলো লেগে চোখ হল অন্ধ ।
আগে কত রোল পেতাম সিনেমার পর্দায়
Shila আর মুন্নীর চাপে সেখানেও ভেড়া দায় ।



আজকালকার মানুষগুলোর ভগবানেও নেই আস্থা
আমাদের ও তাই খুজে নিতে হবে অন্য কোন রাস্তা ।
মনের দুঃখে আমরা সবাই গোকুলামে গেলাম
Dholkobir কবিতা দিয়ে সবাইকে বার্তা দিলাম ।
Note:Dholkobi's house name-Gukulam Appartment

By BhootKobi



যমরাজ রেগে মেগে বলে উঠে দুপুরে
আধুনিক জঞ্জাল ফেলে দেব পুকুরে
Data card কিনেছিলাম communicate করতে
প্যান্ট হলুদ হয়ে গেছে Bill paid করতে
বাজে যত network down হয় শুধু
Start করে finish করতে হয়ে গেছি দাদু
চিত্রগুপ্তকে তাই তিনি করলেন তলব
Network নাকি মর্তে আজকাল হয়েছে সুলভ

অবশেষে চিত্রগুপ্ত তার খাতা করেছিল fax
Hack করে ঝেপে নিল আমাদের Raks
(Stylish name of Rakkhosh)
চিন্তা করে যমদুত পাঠিয়ে দিল মর্তে
কোন শালা কালপিট সেই বেটাকে ধরতে
মর্তে এসে যমদুত কিনে ফেলল Blackberry.
Shopping মলে dance করে শুনে সেই kolaveri.
তাই দেখে চিত্রগুপ্ত মনে মনে ভাবে
মর্তে গিয়ে তামিল সিনেমার Producer হবে
বারে বারে কল করে চিত্রগুপ্ত হয়রান
Out of network,একি হল ভগবান
সিনেমা বানাতে হলে চাই যে connection
Network -er বাবা ,সেটা হল political function
চানক্যের আত্মাকে মারল এক ডান্ডা
কি করে মন্ত্রী হব বলেদে funda.



শেষে কাজে দিল চানক্যের suggestion
চিত্রগুপ্ত দাড়াল Karnatakar election
মন্ত্রী হয়ে চিত্রগুপ্ত বিধানসভায় গেল
আজে বাজে ভাট শুনে bore হয়ে গেল
ঘুম ভাঙাতে পাশের মন্ত্রীর cell fone চোখ রাখে
গরম প্রেমের MMS , case খাওয়াল তাকে
স্বর্গ মর্ত দুই দিকেই মাথা করে bend
Network-er connection Life করল end.

**By Dholkobi & Saikat**

আমি কোন পথে যে চলি-মান্না দে Remake




আমি কোন শেয়ার যে কিনি ,কোন শেয়ার যে বেচি
Sensex দেখে ভুলে গেছি ,Dalal Street এর গলি

সেই গলিকে ভুলতে গিয়ে বিয়ে করে ফেলি
বন্ধু সে যে বিপদ আরো বাঁচার উপায় কি কি
Recession-এর ধাক্কাতে হয়ে গেছি পাঠাবলি
Sensex দেখে ভুলে গেছি Dalal Street এর গলি



এখন আমি পস্তে মরি ,ওরে বাবা পস্তে মরি
ভুলে যাওয়ার রাস্তা ধরি (খুজি)
হয়তো D-Mat account খুলে তুমিও ছিলে বসে
ভেস্তে গেল Investment সবই কপাল দোষে
করেছি কি ভুল নিজেই নিজের কানটি মলি
তোমায় সামনে পেয়েও খুজে বেড়াই Dalal Street এর গলি

By Dholkobi



A musical drama by Dholkobi

শিব : - দাড়িয়ে আছ তুমি আমার পেটের উপরে
আমায় সুড়সুড়ি দেয় চরন
আমি চাই না তোমারে
বাতাস জমে ভুড়িভুড়ি
আর চেপে রাখব না তরী
সড় সড় দুর হয়ে যাও যত তড়িঘড়ি

মা কালি :- না না না আজ রাতে আর ভুড়ি থেকে নামছি না
শুনেছি চৌধুরি বাড়িতে নাকি বসেছে আসর
এসেছে মুম্বাইয়ের নামকরা সেই D.Company
যে মেয়েটা নাচছে সেথায় ,নাম যে তার রম্বা সুন্দরী
বুঝলে নন্দী তুমি ও যাবে না ,ভিঙ্গি তুমি ও যাবে না

নন্দী :- মা গো ভাবনা কেন , আমরা তোমার গাঁজা খাওয়া বকাটে ছেলে
কিন্তু পুলিশ দেখে ঠিক টাইমে লুকোতে জানি
তোর ভয় নেই মা আমরা ,পুলিশ দেখে লুকোতে জানি
মা গো

ভিঙ্গী :- আমায় একটা চান্স দাও মা গো , আনন্দ ফুর্তি করি
আমি অনাহুত একজন, সকল দোষেতে দোষী

নারদ : যেতে যেতে পথে হল দেরি তাইতো পারিনি যেতে পারিনি
যেতে পারিনি ,যেতে পারিনি
ভুল বুঝে তুমি চলে গেছ ,দুরে ,ক্ষমা পাব,আশা ছাড়িনি
আশা ছাড়িনি , আশা ছাড়িনি

রম্বা : আবার আসিব ফিরে
অপ্সরাদের ভিড়ে
হয়তো উর্বসী নয়তো রম্বা
হয়তো মুন্নি , নয়তো Sheila Ki Jawanir বেশে

**to be continue every year.......By Dholkobi**

# কচিকলি by Dholedranath Thakur

কচিপদ আমি তারেই বলি,
Ayan তারে বলে গাঁয়ের লোক।
BE কলেজে দেখেছিলেম তাকে
চশমা পরা সাদা সিঁধে লোক
French Cut যে ছিলনা তার মোটে,
তবু তাকে মানায় Pant Coat-e.
Power? তা সে যতই Power হোক,
দেখেছি তার চশমা ঢাকা-চোখ।

Hostel-9 এ বাবা এল দেখে ,Kunal & শ্যামল ঢ্যামনা দুটি ভাই
Football খেলে ব্যস্ত ব্যাকুল পদে Oval হতে ত্রস্ত এল তাই।
শীতকালে Bathroom এ জলের গুরুগুরু।
শুনে কুনালের খিস্তি হল শুরু

বাহির থেকে কচি এল হঠাৎ ধেয়ে,
বুজতে পেরে সে পালিয়ে গেল ধেয়ে.
ঘরের ধারে দাঁড়িয়েছিলেম একা,
Hostel মাঝে আর ছিল না কেউ।
আমার পানে দেখলে কিনা চেয়ে,
আমি জানি আর জানে সেই ছেলে



Power ? তা সে যতই Power হোক,
দেখেছি তার চশমা ঢাকা চোখ।

কচিপদ আমি তারেই বলি,
আর যা বলে বলুক অন্য লোক।
দেখেছিলেম BEC-er Lord's মাঠে
কচিপদর চশমা ঢাকা চোখ।

জীবনে কাওকে সে দেয়নি যে বাঁশ
পড়ার ফাঁকে পায়নি সে অবকাশ
Power ? তা সে যতই Power হোক,
দেখেছি তার চশমা ঢাকা চোখ।



By Dholkobi

চাকরির মুখ আমি দেখিয়াছি
তাই আমি PHD-এর রুপ খুঁজিতে চাই না
দুঃস্বপ্নে উঠে পড়ি রিসার্চের গাছে
চেয়ে দেখি মইটি কেড়ে নিয়ে
নিচে বসে আছে আমার গাইড
চারিদিকে চেয়ে দেখি Journalএর স্তুপ
বন্ধু বান্ধব সব শুনে করে আছে চুপ ।
Grand Viva-ei বহুবার Re-viva পেয়েছি আমি
কোনমতে Degree-টা বাগালে , হয়ে যাব দামি ।
সরকারি চাকরির সব আশা যখন মরে গেছে
PHD-টাই শেষ ভরসা যেটা বেচে আছে ।
একবার না পারিলে দেখ শতবার
গাইডের কাছে Thesis Submit-কর বারবার
PHD,Higher Study শুনতে ভাল লাগে
বুড়ো বয়সে Complete করতে কষ্ট ভালোই লাগে
১০টা -৫টার Duty , আছি আমি বেশ
PHD-টার চিন্তা করে দিয়াছি শেষ
তাই সমস্বরে জীবনানন্দ দাসের সাথে
ঢোলকবি বলে উঠেন
'চাকরির মুখ আমি দেখিয়াছি
তাই আমি PHD-এর রুপ খুজিতে চাই না



By Dholkobi

## স্বরস্বতী পুজা

বইয়ের পরে বই জমেছে ঘুম চলে আসে
আমায় কেন বসিয়ে রাখ একা দ্বারের পাশে ।

পুজোর দিনে নানা কাজে ,থাকি নানা লোকের মাঝে
মন্ডপেতে বসে আছি , তোমারই আশ্বাসে
আমায় কেন বসিয়ে রাখ, একা গেটের পাশে ।
তুমি যদি না দেখা দাও , কর আমায় হেলা
কেমন করে কাটে আমার ,এমন বাদল বেলা
দুরের পানে মেলে আঁখি ,কেবল আমি চেয়ে থাকি
পরান আমার খুজে বেড়ায়,তোমার জন্য নাকি
শাড়ি পরা মেয়েরা ঝাকে ঝাকে আসে
আমায় কেন বসিয়ে রাখ, একা তোমার পাশে ।(মা কে বলছি)
বসন্তের প্রথম ছোঁয়া লাগে মনের কনে
Valentiner আগুন জ্বলে আমার ফাগুন বনে

# খুড়োর কল





By Dholkobi

কল করেছেন আজব রকম Osama Bin খুড়ো
সবাই শুনে সাবাস বলে তালিবানের ছেলে বুড়ো ।
খুড়োর যখন অল্প বয়স -বছর খানেক হবে
উঠলো কেঁদে 'আল কায়দা বলে ভীষন অট্টরবে ।
আর তো সবাই মামা বাবা আবোল তাবোল বকে;
খুড়োর মুখে 'আল কায়দা শুনে চমকে গেল লোকে ।
বললে সবাই, ''এই ছেলেটা বাঁচলে পরে তবে,
বুদ্ধি জোরে এ সংসারে একটা কিছু হবে।
সেই খুড়ো আজ কল করেছেন আপন বুদ্ধি বলে
Remote ছাড়াই রকেট পৌছে যাবে চলে ।
দেখে এলাম কলটি অতি সহজ এবং সোজা
ঘন্টা পাচেক ঘাঁটলে পরে আপনি যাবে বোঝা ।
বলবো কি আর কলের ফিকির,বলতে না পাই ভাষা
ষাঁড়ের সঙ্গে রকেট জুড়ে এক্কেবারে খাসা ।
সামনে তাহার খাদ্য ঝোলে পশুর যেমন রুচি
সাক সবজি মুলো গাজর সবই যেন কচি ।
সবাই বলে সমস্বরে ছেলে যোয়ান বুড়ো
অতুল কীর্তি রাখল ভবে Osama Bin খুড়ো ।

**Remake of very famous Sukanta Bhattacharya Poem**
**'Abak Prithibi Abak Korle Tumi'**

অবাক গৃহিনী (WIFE) অবাক করলে তুমি
ঘরে ঢুকে দেখি খাবার তুমি রাধোনি
অবাক গৃহিনী আমরা যে পরাধীন
অবাক কি দ্রুত জমে ক্রোধ দিনদিন
অবাক গৃহিনী অবাক করলে আরো
দেখি তোমার বাড়িতে লজ্জা নেইকো কারো
অবাক গৃহিনী অবাক যে বারবার
দেখি ঘরের ভিতর জিনিস ছারখার
হিসেবের খাতা যখন নিয়েছো হাতে
দেখি লিখেছো বাজে খরচ তাতে
বিয়ে করে ডাল ভাত শুধু পেলাম
অবাক গৃহিনী সেলাম
সেলাম তোমাকে সেলাম।

By Dholkobi



## (For those who can’t read Bengali)

Obaak grihini(wife) obaak korle tumi

Ghore fire dekhi khabar tumi radhoni|

Obaak grihini amra je poraadhin

Obaak ki druto jome krodh din din

Obaak grihini obaak korle aaro

Dekhi tomar barite lojja neiko kaaro |

Obaak grihini obaak je baar baar

Dekhi ghorer vitor jinis charkhar
Hisheber khatha jokhon niyecho haate

Dekhechi likhecho baje khoroch tate

Biye kore dal bhat  shudhu pelaam

Obaak grihini selaam

Selaam tomake selaam



By Dholkobi

**Remake of very famous Uttam –Suchitra Song**

Orginal Song: Surjo Dobar Pala Ashe Jodi Beshto

বিয়ে করার পালা আসে যদি আসুক বেশতো
অনেক দিন ধরেই সেজে আছি কলির কেষ্ট
তারপর মাথা হতে বাবা-মার চাপ নামবে
ভালো করে খেতে দিলে জনতার গুন্জন থামবে
বিরিয়ানি নামুক না,গুন্জন থামুক না
জিহ্বে তবু রবে তার রেশ তো, বেশ তো

বিয়ে করার পালা আসে যদি আসুক বেশতো

তারপর সারারাত দুজনেতে মারপিট করবো
লুডো খেলা হয়ে গেলে দুজনেই ভীষন ক্লান্ত
বন্ধুরা কান পেতে আমাদের সাথে রাত জাগবেই
দুটি প্রানে চুপিচুপি নতুন সে প্রান এক আনবেই
বন্ধুরা জাগুক না ,সব আওয়াজ শুনুক না
করবো না এই রাতটাকে নষ্ট,বেশ তো বেশ তো



By Dholkobi
Edited by-Saikat

## (For those who can’t read Bengali)

Orginal Song: Surjo Dobar Pala Ashe Jodi Beshto

(For those who can’t read Bengali)

Biye Korar Paala Ashe Jodi ashuk beshto
anek din dhorei seje achhi kolir keshto
Oto por matha hote ma-babar chap nambe
Bhalo kore khate dile Jonotar gunjon thambe

Biryani namuk na ,gunjon thamuk na
Zive tobu robe tar resh to besh to
tarpore sara rat dujonei marpit korbo
Ludo khela hoye gele dujonei vison jobdo
Bondhura kan pete amader shathe raat jagbei
duti pran-e chupi chupi notun she pran ek anbei
Bondhura jaguk na,Sob awaj sunuk na
korbo na ei rat take noshto,besh to beshto



By Dholkobi
Edited by-Saikat

**Remake of very famous Autograph Song**
**'Amake amar moto thakte dao'-Alcoholic Version**



By Dholkobi

আমাকে আমার মত থাকতে দাও
আমি খাওয়াটাকে নিজের মত কমিয়ে নিয়েছি
যেটা পারিনি,পারিনি সেটা না খাওয়াই থাক
সব খেলে কষ্ট ভীষন
এই ঘরবাড়ি আজ ছারখার
তবু খেতে বসছি বারবার ।
আমি রাখতে চাই না আর তার
কোন মাতাল লোকের আবদার ।
তাই চেষ্টা করছি বারবার
এক ঢোকে শেষ করবার ।

## (For those who can't read Bengali)



By Dholkobi

(For those who can't read Bengali)
Amake Amar Moto Thakte Dao,

Ami Khaoatake Nijer Moto Komiye Niyechi,

Jeta Parini Parini Seta Bottle-i Thak,

Sob Khalae Kosto Vishon....

Ei Ghor Bari Aaj Chharkhar,


Tobu Khate Boschi 5 Bar,

Ami Rakhte Chai Na Ar Tar,

Kono Matal Loker Abdar
Tai Chesta Korchi Bar Bar,

Ek Dhoke Ses Korbar....!!

# কাতুকুতু বুড়ো



আর যেখানে যাও নারে ভাই সপ্তসাগর পার
Marketing-er বুড়োর কাছে যেওনা খবরদার ।
সর্ব্বনেশে বৃদ্ধ সে ভাই যেও না তার বাড়ি
6-Sigma-r funda শুনে ছিড়বে মাথার নাড়ি ।
কোথায় বাড়ি কেউ জানে না কোন সড়কের মোড়ে
একলা পেলেই জোর করে ভাই S.W.O.T শেখায় জোড়ে ।
বিদঘুটে তার Case Studyগুলো না জানি কোন দেশী
পড়লে পরে হাসির চেয়ে কান্না আসে বেশি ।
না আছে তার মুন্ডু মাথা না আছে তার মানে
তবু তোমায় লিখতে হবে তাকিয়ে বুড়োর পানে ।

কেবল যদি 4-P বলে তাও থাকা যায় সয়ে
মনের উপর সুরসুরি দেয় Sensex-ta লয়ে ।
কেবল বলে হো হো হো Biocon-er পিসি (Kiran Mazumder Shaw)
চুষতো শুধু Cadbury আর বেঁচত শুধু শিশি ।
পা গুলো তার লম্বা মতন মুখখানি তার বাকা (ঠিক বাঙলার ৫)
Deskএর গায়ে রং বেরং এর আলপনা সব আকা ।
অষ্টপ্রহর চিল্লাতো সে আওয়াজ করে মিঁহি
ম্যাও ম্যাও ম্যাও বাকুম বাকুম ভৌ ভৌ হিহি।
এই না বলে কুটুং করে চিমনি কাটে ঘাড়ে
খ্যাঙরা মতন আঙুল দিয়ে খোঁচায় বুকের হাড়ে ।
তোমায় দিয়ে Target সে আপনি লুটোপুটি
যতক্ষন না বেচবে তোমার কিচ্ছুতে নেই ছুটি ।

By Dholkobi

By Dholkobi

গুপি গাইন বাঘা বাইন যদি Facebook করত তবে
গানের লাইন গুলি কেমন হোত

Zucker মামা দিল বর (Mark Elliot Zuckerberg)
জবর জবর ৩ বর
যা খুশি তাই লিখতে পারি- ১ নম্বর
সবার Update দেখতে পারি -২ নম্বর
সা নি ধা পা মা গা রে সা
Download-o করতে পারি -৩ নম্বর
কেমন সুন্দর
Zucker মামা দিল বর



দেখরে Facebook খুলে Updateএর বাহার
Jokesএর আলোয় কাটে ঘুম তার
কি বিহার কি কাতার কি বিহার
আহা মরি কি আহার কি আহার

By Dholkobi



By
Dholkobi

**Watch the situation of a boy without having money & girlfriend at 31st December**

জীবনে কি পাবনা ভুলেছি সেই ভাবনা (2 times )
সামনে যা দেখি জোড়া (Couple ) না সেকি
কাজল কি নকল মোনা (সেই Mona Darling )

যদি সব হারিয়ে দুটি হাত বাড়িয়ে (Monery Purse was stolen)
New Year-er খুসিতে যাই শুধু হারিয়ে (2 times )
যেতে যেতে কারো ভয়ে থমকে দাড়াব না (Not even police mama )

সামনে যা দেখি জানি না সেকি কাজল কি নকল মোনা

আসল আর নকলের ফারাক বুঝি না (See the picture for example)
কে ভাল কে মন্দ যে তার খবর রাখি না (Full void)

কে তুমি হস্তিনি আগে তো দেখিনি
চলেছ এই পথে তুমি কি বঙ্গীনি ? (2 times )
চিনে নিতে যদি চাও একটু দাড়াও না
সামনে যা দেখি জানি না সে কি কাজল কি নকল মোনা



By Dholkobi By Dholkobi

Jebone ki pabona bhulechi shei bhabona (2 times)
Samne ja dekhi Jora (Couple) na seki
Kajol ki nakal Mona.(Si Mona Darling)

Jadi sob hariye duti haath bariyae (Monery Purse was stolen)
New Year-er khushi te jai shudhu hariye (2 times)
Jete jete karo bhoye thomke darabo na(Not even police mama )

Samne ja dekhi jani na seki Kajol ki nakal Mona.

Asol ar Nokol-er farak buji na (See the picture for Example)
Ke bhalo ke mondo je tar khobor rakhi na (Full Void)

ke tumi **Hostini** age to dekhini
Cholecho ei pathe tumi ki Bongini ? (2 times)
Chine nite jadi chao ektu darao na
Samne ja dekhi jani na seki Kajol ki nakal Mona



By Dholkobi

By Dholkobi

**Navjot Singh Sidhu**



Punjabe-te জন্মেছিল অদ্ভুত এক শিশু
বিছানা ছেড়ে খেলার মাঠে করতে যেত হিশু ।
মা বাবা আদর করে নাম রাখল সিধু
বুদ্ধি করে cricket ব্যাট কিনে দিল দাদু ।
বড় হয়ে সেই ছেলেটা Cricketer হয়েছিল
Opener হয়ে সবার নজর কেড়েছিল ।
খেলার পর তিনি হঠাৎ commentator হয়ে যান
Sidhuism বুঝতে লোকে হিম্‌সিম্‌ খেয়ে যান ।
Punjabe-te ভোটে জিতে নেতা হলেন সবার
রাগের মাথায় মারা ঘুসি কেস্‌ খাওয়াল আবার ।
Laughter Challege-e রাতারাতি হয়ে যান Judge
এমনি এমনি হেসে ওঠে ,ভেবে তাকে কাজ।
বছর দশেক আগে বলা রজনীর সেই চুটকি
এতদিনে বুঝতে পেরে হাসে মুচকি মুচকি ।
Laughing Buddha ভেবে ফেলে আছে যত NRI
সিধু শুধু গেয়ে চলে Who am I ,Who am I.?
(New Bengali Filmy Song from "Bedroom")




**By Dholkobi**

রান্নার মেশো বলল আমায় রবিবারের সকালে
‘মনটা ভাল লাগছে না ঘুরতে যাব বিকালে ।
চেন্নাই-এ এসে বলে সে যে ‘জায়গাটা ভারি রুক্ষ
বৌ বাচ্চা ছেড়ে থাকতে লাগে ভারি দুঃখ ।
বাকুড়াতে সকাল সন্ধে খুজলাম কত কাজ
নিরুপায় হয়ে আমি চেন্নাই আছি আজ ।
গোকুলামে ছেলে থাকে হাতে গোনাগুনতি
তাদের জন্য ধরি আমি হাঁড়ি কড়াই খুন্তি ।
মনের দুঃখ কেউ বোঝে না,তোকেই বলি ভাইরে
সবার মাঝে তোরেই বলি, কারন তুইও থাকিস বাইরে ।
‘আমাকে নিয়ে লেখ দেখি একটা মজার কবিতা
দরকার পড়লে বৌএর নাম ধরে নাও সবিতা ।

আমাদের নন্দী খুড়োর ব্যবহার অতি মিষ্টি
বয়স চল্লিশ হলে পড়েও প্রখর আছে দৃষ্টি ।
তিরিশজনের রান্নাবান্না তাঁর কাছে স্রেফ নস্যি
মাছের ঝোলও করতে পারে এবং ঘোলের লস্যি ।
একাই কোটেন ,একাই বাটেন ,একাই করেন বাজার
রেকর্ড আছে এক ঘন্টায় চারশোটা পান সাজার ।
দুধ দোয়ানো, কাপড় কাচা বলেন খুবই সোজা
ইডলি ধোসার রেসিপিটাই লাগে শুধু বোঝা ।
কবরেজি আর ঝাড়ফুঁকটাও জানেন অল্প-স্বল্প
মন দিয়ে শোনে সে লোকাল ভুতের গল্প ।
আর ও কী কী পারেন যে ছাই ,আমিই কি সব জানি
গুনীলোকের মান রেখেছি এটাই শুধু মানি ।

**By Dholkobi**



খেলছে বাবাই ,খেলছে বুবাই,মারছে বাবাই চার
আনছে দেবু বল কুড়িয়ে বাউন্ডারির পার ।
খাচ্ছে ঢোল ,নড়ছে ঢোল ,হচ্ছে ঢোল, আউট
আম্পায়ার দাদু দিল , বেনিফিট অফ ডাউট ।
টলছে ঢোল ,ঢলছে ঢোল ,দিচ্ছে ঢোল, গাল
রোজ সকালে বারন করি ,খাসনা রাতে মাল ।
ঢলছে ঢোল ,বলছে রেগে ,শালা হারামজাদা
বোতল যখন কিনি তখন, দিসনা কেন বাঁধা ?
বিকেল থেকে সুরসুরি দিস -চল না ঢোল চল
কাজের নেশায় ভুলে গেছিস, ভাঁড়ারে নেই জল ।
হাসছে ঢোল বলছে ঢোল রাগ কোরোনা গুরু
খুললে বোতল তবেইতো হয় মনের কথা শুরু ।
-সত্যি কথা বলছি আমি ,বারন করি কেন ?
বাচ্ছা বলে খেয়াল রেখো ,খায়না বেশী যেন ।
এক দুই তিন রোজই গুনি ,যেই না ঢালি চার
খেয়াল থাকে দেওয়াল ধরে আমিও গাভাসকার ।
এখন ঢোল ঠ্যাং ঝুলিয়ে পাঁচিল পরে বসে
হিড়িম্বা পুতনাদের মারছে ঝাড়ি কষে ।



By Dholkobi



প্রথম প্রথম অনেক কিছুই ভেবে ফেলে মন
এমন একটা মেয়ে তুলবো দেখবে লোকজন .
সেই চেষ্টায় সুন্দরীদের পিছু পিছু যাওয়া
প্রপোস করে তাদের কাছে লাঠি ঝাটা খাওয়া .
অনেকেই তো কি সুন্দর girlfriend জুটিয়ে নিত
Valentine'e Archies গ্যালারির Card কিনে দিত .
মেয়ে নিয়ে নিজেদের ভিতর মারপিট করি আমরা
ফাকতালেতে উড়ে যায় মোদের প্রান ভোমরা .
একটা পাখিও দেয়না ধরা এমন পোড়া Luck
তাকিয়ে দেখি অন্যদের আর বলে উঠি F_ _K.



লোক দেখাতে গিয়ে আমি তুলেছিলাম তোমাকে
এখন আমি বুঝতে পারি হাত দিয়েছি বোমাতে .
In swing-e মনের ভিতর ঢুকেছিলে তুমি
তোমার কথার off cutter-e beat হয়েছি আমি .
সেলফোনেতে মিষ্টি গলা করত আমায় পাগল
মাসের পর মাস বিল দিয়ে হয়ে গেলাম ছাগল .
মাছের কাটা হয়ে তুমি ফোটাও কত কথা
ঝেটিয়ে বিদায় করেছি আমি ,পুরানো যত ব্যাথা .
কপাল খারাপ হলে বুঝি কত কিছুই না হয়
বুলাদির কথা না শুনে এখন বাবা হবার ভয় .

আসছে আবার Valentine পাবো কত গোলাপ
প্রপোসের নামে শুনতে হবে বোকাগুলোর প্রলাপ .
বলছে সবাই তোমার জন্য দিতে পারি জান
একই dialogue শুনতে শুনতে পচে গেছে কান .
সুযোগ পেলেই ছেলেদের Bike-e চড়ে ঘুড়ি
ভালোই লাগে দিতে তাদের ইগোতে সুড়সুড়ি .
মনটা আমার flexible এদিক ওদিক ঘোরে
ছেলেগুলো এমন বোকা ধড়তে নাহি পারে .
সকাল বেলায় রামকে ঘোরাই দুপুর বেলায় যদু
বাকি মেয়েরা দেখে আওয়াজ দেয় সাধু সাধু .
Gym-e গিয়ে Zero Figure করতে হবে আবার
Boyfriend-er pocket খসিয়ে পয়সা বাচাবো বাবার .
বড়লোকের ছেলে পেলেই শুরু করি ছলনা
এক একজনকে Kiss করে শুরু করি তুলনা .
আটকাতে চাও আমায় তুমি বারাও তবে গলা
তারপরেতেই শুরু হবে মোদের আসল খেলা



নোট : এই কবিতার সব চরিত্র কাল্পনিক ,বাস্তবের সাথে যদি কারো মিল থাকে তবে ঢোলকবি & সৈকত দায়ি নয় ।

কর্ণাটকের মন্ত্রী হবে, ফুর্তি ভীষণ মনে
কতই না কাজ করবে তাহা ভাবছে জনগনে
Election -এ জিতে আন্না বিধানসভায় যান
ঘরের রান্না লাগেনা ভালো,বিদেশী স্বাদ চান
বড্ড বোরিং অধিবেশন,আন্নার ঘুম পায়
হিসু করতে toilet -এ তে তিন বন্ধু যায়
Bluetooth দিয়ে সেলফোনেতে clippings পাচার করে
গরমাগরম দেখবে তাহা,ঘুম কাটানোর তরে
সভায় ফিরেই এদিক ওদিক ঘাড় ঘুরিয়ে দেখা
ধরছে নাকি CCTV ,(নাকি) ক্যামেরা আছে রাখা
লক্ষণ , কৃষ্ণ দেখছিল গরম প্রেমের ফাগুন
পাটিল ভায়া মিস করে তা,রেগেই হলো আগুন
"আমায় দেখা , আমায় দেখা" চেঁচিয়ে অস্থির
ওই দিকে mobile -এ scene জমে যে ক্ষীর
এক্কেবারে পেছনদিকে প্রেস ছিল দাঁড়িয়ে
সন্দেহতে ক্যামেরার মুখ দিল ঘুরিয়ে
ক্যামেরাতে জুম করে সব-ই হলো বন্দী
ধরা পড়ে নেতাদের আজেবাজে ফন্দি
ইস্তফার ধুয়ো তোলা চিরকেলে Funda
শিক্ষা হবে খাওয়ালে জনগনের ডান্ডা



By Janta Ki Adalat

সকাল বেলায় ঘুম থেকে উঠে বসে বসে শুধু হাই তুলি
আজকে আবার অফিস আছে তাও যেন ফের যাই ভুলি ।
বাথরুমে গিয়ে হাত মুখ ধুয়ে
বিছানাতে আমি ফের পড়ি শুয়ে ।
সকাল বেলার সেই ঘুমটার নেশা অন্য রকম
সেটা যদি না হয় তবে বুকে লাগে জখম ।
আসল আসল স্বপ্নগুলো সকাল বেলায় আসে
মনে হয় রাজকুমারি যেন শুয়ে আছে মোর পাশে।
সকাল বেলার Morning Walk আমার কাছে Ragging
ভাল লাগে না Mobile-e মায়ের সেই Nagging .
রুমমেটরা ভারি active নিয়ে আসে Bed Tea
Language-er এতো problem জোটেনি এখন কাজের ঝি ।
চা খেয়ে মোর সম্বিত ফেরে
দুশ্চিন্তা সব আশে পাশে ঘোরে ।
ঘড়িতে কখন বেজে যায় ঠিক সাতটা
আফিসে আবার দেরিতে গেলে বস্ মারবে গাট্টা।
৫ দিনের যা ক্লান্তি জন্মায় সকালে ওঠার ধকলে
শনিবার আর রবিবার তুলে নেব ঠিক সুদে আসলে।







By Dholkobi

বিশ্বকাপটা জেতার পর কি জানি কি হল
জেতার ছন্দ হঠাৎ করে উধাও হয়ে গেল ।
গ্যারি কার্স্টেন ছিল আমাদের No 1 Coach
BCCI ফেরত পাঠাল খাইয়ে ডিমের পোচ ।
যুবরাজটা পড়ল ধরা ক্যান্সারের কবলে
মনে পরে তার ছয় মারা, প্রতিটি বলে বলে ।
একমাত্র ভাল বোলার জাহির খান
সেই ব্যাটাও হঠাৎ করে অসুস্থ হয়ে যান ।
ফ্লেচার বুড়ো কোচ হয়ে হল না কোন লাভ
বড় বড় লোকের সাথে আছে তার ভাব ।
'দেশের মাঠে হিরো আর বিদেশেতে জিরো "আবার হল শুরু
ধোনি কি আর পারবে হতে সৌরভের মত গুরু ?

ওপেনারদের উপর চাপাল Rotation প্রথা
নতুনদের সুযোগ দিচ্ছে বলে এমন কথা ।
৯৯-এ এসে শচীন হঠাৎ গেল কেন থমকে ?
আশা করে বশে থেকে জনতা গেল বমকে ।
হেরে হেরে দেওয়ালেতে ঠেকে গেল পিঠ
ফাইনালে যেতে গেলে লাগবে Huge জিত ।

শ্রীলঙ্কার ক্রিকেটে আছে রাবন রাজার রক্ত
ওদের যদি হারাতে হয় , হতে হবে শক্ত ।
৪০ ওভারে ৩২১ অবিশ্বাস্য এক লক্ষ্য
ভারতীয়রা আবার দেখাল ব্যাটে তারা দক্ষ্য ।
মারকাটারি শুরু করে সহবাগ শচীন আউট
কে এখন ম্যাচ জেতাবে শুরু হল ডাউট ।
গম্ভীরের উইকেটটা চাপ বাড়িয়ে দিল
একা হাতে বিরাট কোহলি জেতার দায়িত্ব নিল ।
৮৬ বলে ১৩৩ আনল খুশির হাওয়া
রুখে দিল সবার সেই নিশ্চত বাড়ি যাওয়া ।
মালিঙ্গাকে তুলোধোনা করে আনল আবার শান্তি
কিছুটা হলেও মিটে গেল হারার সেই ক্লান্তি।
যে ছিল টিমের সবচেয়ে বিষাক্ত অস্ত্র
মারের চোটে কোহলি বুঝি তার খুলে দিল বস্ত্র ।
পাওয়া গেল ফাইনালে টিকে থাকার আশা
জটিল রকম Calculation-e last ম্যাচটা ঠাসা।
খেলা শুধু খেলা নয় ভারতবাসীর কাছে
ভালবাসা ,সেন্টিমেন্ট সব জড়িয়ে আছে।






**By Dholkobi**




আর পারি না থাকতে
সঙ্গী ছাড়া বাঁচতে
জোড়ায় জোড়ায় দেখলে পরে
শরীরে মনে জ্বালা ধরে
এমনি মোর মন্দ ভাগ্য
আমি নয় কারো যোগ্য

হস্তির মস্তি

সবার চোখকে ধুলা দিয়ে চলে এসেছি একা
জঙ্গল থেকে পাহাড়ে আসার রাস্তা আঁকা বাঁকা ।
গুগল ম্যাপে খুঁজে পেয়ে লেগেছিল খুব আনন্দ
বছর খানেক স্নান না করে গায়ে হয়েছে গন্ধ ।
ভেবেছিলাম যাবার সময় কিনে নেব সাবান
Credit Card accept করল না আছে যত দোকান ।
জঙ্গলেতে পুকুর বলতে আছে মাত্র একটা
ভীড় লাগায় শুয়োর,গরু আর মহিশের ঝাকটা ।
সকাল সকাল জলটাকে নোঙরা করে ফেলে
ইচ্ছা করে সব ব্যাটাকে পুরে দেব জেলে ।
খেয়ে খেয়ে শরীর খানা হয়েছে আড়াই মন
ভাবছি এবার জিমে গিয়ে শুরু করব ডন ।
ঝর্নার নিচে বসে থেকে পাচ্ছি ভীষন মজা
মনে হচ্ছে  এইবারেতে আমি বুঝি রাজা ।



**By Dholkobi**

-:কবি সৈকত :-

কবি কবি ভাব, মুখ ভরা দাড়ি
চোখে চশমা ,হাতে গোল্ডেন ঘড়ি ।
হাতে কলম ধরিয়া ,করেন কত ভাবনা
তিনি বড় কবি, কবিতাই তার শ্রেষ্ঠ নমুনা ।
কলম রাখিয়া চিবুকে -মুখে ,কখনোও বা ঠোঁটে
উদাস দৃষ্টি চলিছে ,আজানা কোন পথে ।
ছন্দ মেলাবার তার অদ্ভুত আছে ক্ষমতা
ভেজ আর নন ভেজের রাখে ঠিক সমতা ।
মাথার চুল ছেঁড়েন ,নতুন শব্দের খোঁজে
শনি আর রবিবার থাকেন চোখ বুজে ।
ল্যাদ রুপী ধ্যান তখন গ্রাস করে থাকে
যমরাজ তখন বুঝি extention দেয় তাকে।
যখন কোন বিষয় ,না পান সন্ধান
তরিঘরি কবি তখন টয়লেটেতে যান ।
সময় সুযোগ পেলে লেখেন সারাদিন কবিতা
অফিসের ক্যানটিন খোলা থাকে ,নেই কোন চিন্তা ।
BE College-e ঢোকার পর ঢোলকবি হল সঙ্গী
একজন যদি নন্দী হয় তো অন্যজন ভিঙ্গী ।
যেদিন টাকার দরকার মিটে যাবে Bank Balance ও যাবে বেড়ে
ল্যাপটপ সিকিতে তুলে, চাকরি দেবেন ছেড়ে ।

**By Dholkobi**



## হস্তিনি বালিকার জন্য রূপকথা-পরাজয় গোস্বামী

আমি যখন Rich-e ছিলাম খেলতে যেতাম Oval মাঠে
একদিন এক পান্ডিয়ার মেয়ে প্রশ্ন করল কৌতুহলে
এই ছেলেটা নাম কি রে তোর?
আমি বললাম ঢোলাস ঢোলাস
মেঘবালিকা তো রেগেই আগুন
এমন অদ্ভুত নাম হই কি কারুর
আমি বললাম নিশ্চয় হয় , আগে আমার ফান্ডা শোন
সে বলল শুনব না যা
সেই তো Propose পত্র পাচার, সেই তো একই লাল সালওয়ার
Hamburger আজগরদায়ের, ওসব Boring, ওসব বাজে
আমি বললাম তোমার জন্য লিখব তবে নতুন Story
সে বলল নিজে লিখবি, টুকে লিখলে বিপদ তোরই,
আর হা ,লিখেই কিন্তু আমায় দেখাবি
আমি বললাম টুকবো কেন আমি কি আর Annu Mallik
লিখতে লিখতে লেখা যখন সবে মাত্র কয়েকটা লাইন
তখন আমার মাথায় চাপল Valentine
February 14 তারিখ চলে গেলাম মুচিপাড়াতে
কেস খেয়েছে চেনা Piece তো একটিও নেই এ তল্লাটে
হঠাৎ দেখি একজনকে ওদেরই মধ্যে Hatke Zara
Boxing Ring-e বলি তাকে
তুমিই কি সেই Miss কুজ্জটিকা ,তুমিই কি সেই ?
সে বলল কিছুই কি নেই লজ্জাসরম, কিছুই কি নেই ?
আমি বললাম তুমি আমায় লেখার কথা বলেছিলে বিদিশা ঝিলের পাশে
সে বলল সঙ্গে আছে ,পাঠিয়ে দাও Rebecstatique
হা শোন ,এখন আর আমি Miss নই আর
সবাই এখন মিসেস বলে আমায় ডাকে

বলেই হঠাৎ বাচ্চা কাখেঁ Top to bottom আমায় পুরো বমকে দিয়ে
হলদে পানা Shuttle Taxi বাগিয়ে নিয়ে
মিলিয়ে গেল 1st গেটেতে
মিলিয়ে গেল ভিড়ের মাঝে। ধীরে ধীরে ধীরে ..........
মিসেস বলে  ডাকে আমায় .....মিসেস বলে  ডাকে আমায় .....
ভাবতে ভাবতে বসে রইলাম Boxing Ring-e
Miss নাকি মিসেস এর জন্য ?
এমন সময় অন্য একটি মেয়ে আমায় চিনতে পেরে বলল
‘‘এতে মন খারাপের কি হয়েছে ?
এখন পুরো Semester চলছে তাই তো আমরা নানান কাজে ভীষন ব্যস্ত
তুমিও যাও ,মন দাওগে নিজের কাজে
Semester শেষে আমরা নিজেই যাব তোমার কাছে
Veg কবিতা লিখব আমি
Veg কবিতা লিখব বলে ঘর ছেড়ে সেই ঘর বাঁধলাম দখিন বনে (Chennai-e)
সঙ্গে শুধু কাগজ কলম ,একাই লিখব ,একাই দুটো ফুটিয়ে খাব
ঘাড় জুড়ে দিন লিখতে লিখতে
ঘাড় জুড়ে রাত লিখতে লিখতে
কেটেছে দিন ,কেটেছে রাত
শেষে যখন আমার হাত অষাঢ় হল ,
ভেবে দেখলাম সন কি তারিখ ,বছর কি মাস ,এসব হিসেব আর করিনি
Veg  কবিতা লিখব বলে একটি খাতাও শেষ করিনি
........................................................

তাই Dholkobi Non Veg কবিতা  ছেড়ে এখন শুধু Veg কবিতা লিখে চলেছেন

কবিতা লিখে চলেছেন


# Mahayan Reloaded-Veg Part

পান্ডবদের নগর রাজ্য হস্তিনানগরে
রাক্ষসেরা সুখে সেথা ফেসবুক করে
তাহাদের অসত্রগুরু দ্রোনাচার্য্য ঋষি
বাড়ি ছেড়ে Shopping Mall-e করত শুধু হিসি
নিকুম্ভিলা যজ্ঞাগারে বসে একা উত্তরা
Friend Request পাঠিয়েছিল মেঘনাথের বন্ধুরা
ধরায় বিখ্যাত ছিল দধিচির ত্যাগ
Credit Card-e বিক্রি হচ্ছে দ্রপদীর ব্যাগ
ভয়ানক Sales Target -এ বিভীষন হল চিত
Mutual Fund বেঁচে চলে ভাইপো ইন্দ্রজিত
এতে কারো হাত নেই বিধির বিধান
বালিপুত্র অঙ্গদ করে জীবনমুখি গান
হনুমান ভক্তিভরে Bangla Band শোনে
তাই দেখে ঘটোৎকচ দোকান খোলে পঞ্চবটী বনে
বিশ্বামিত্র সারা রাত গাঁজা ভাং টেনে
Savita Bhabhi হাতে নিয়ে পড়ে ছিল ড্রেনে
ভীষন ধার্মিক ছিলেন বিশ্বামিত্র মুনি
তাকে Google Search শিখিয়েছিল দালাল শকুনি
Rajnikanth-এর Laptop বুঝি নিয়েছিল জটায়ু
3-G Network-এ তার কমেছিল আয়ু
দুর্বাসা মুনি দিলেন গান্ধারীকে বর
Silicon Valley-তে পেয়ে যাবি ঘর
সকাল বেলায় Chennai -এ পড়ে গেল সাড়া
মাঁওবাদী সেজে যেন বাইক চালাই কারা ?

## Tissue paper আর ন্যাপকিনের কথামৃত :

ছিলাম মোরা দুই ভাই গায়ের রঙ সাদা
বাজার থেকে আনল কিনে মুন্সী বাড়ির দাদা ।
Napkin আর Tissue paper মোদের দুটি নাম
আসল আসল সময়েই শুরু করি ,আমরা মোদের কাম।
দোকানের ওই সোকেসেতে ল্যাদ খেয়েছি কত
নোঙরা কাজে use করে লোক আছে যত ।

Napkin বসে ছিল গোমরা করে মুখ
Tissue এসে বলে তাকে ''বলত তোর কি দুখ?
বোকার মত রাগ করিস ,'তুই হলি মূর্খ্য
তোর চেয়ে অনেক বেশি আছে মোর দুঃখ ।
দিনরাত খেটে মরি আমার কাজের beauty
তোর তো শুধু মাঝে মাঝে occasional duty .
মেয়েরা তোকে use করে ১২ থেকে চল্লিশ
তাও কিনা তুই শুধু করছিস এত নালিশ ।
বাচ্চা বুড়ো use করে আমাকে দিবারাত্র
সাদা থেকে হলুদ হয়ে যাচ্ছে আমার গাত্র ।



কিসের যে তোর আফসোস্ ,বুঝি না রে tissue
তুই কি জানিস আমার আছে কতশত issue .
একটানা লেগে থাকি শয়ে কত গন্ধ
ফিতে বেধে আমাকে করে দেয় বন্দ ।
Drakula হয়ে আগের জন্মে ছিলাম আমি বেশ
সর্বনাসটা করল সেই রক্ত চোষার অভ্যেস ।
খোসমেজাজে দাত ফুটিয়ে রক্ত খেতাম আগে
পচা গলা রক্ত জুটল এই জনমের ভাগে ।
দুই জনেতে দুঃখ করে, বোঝেনা কেউ ব্যথা

শেষ হল Tissue আর ন্যাপকিনের আত্মকথা



**By Dholkobi & Saikat**

# Cassate & Floppy

কেউ এখন পাত্তা দেয়না , কাঁদছি দিনরাত
Cassate আর Floppy মোরা মিলিয়েছি হাত।
কিছুকাল আগেও মোরা ছিলাম অতি প্রিয়জন
নানা কাজে লাগত মোদের বিভিন্ন সময়ে প্রয়োজন ।




1.44 MB নিয়েই মারতাম অনেক কেত
এখন যদি মারতে যাই লোকে মারবে বেত ।
স্বল্প memory বলে আমাকে কোরনা miss judge
Bootable media হয়ে করি emergency সব কাজ ।
Storage হিসাবে আমরা লোককে দিতাম খুব ফাকি
Pen drive চলে আসাতে এখন লজ্জায় মুখ ঢাকি।
আমাদের এই অবস্থা দেখে অনেকেই আজ Happy
সৃষ্টিকর্তা আগেই ভেবে নাম রেখেছিল Flop......ey

Cassate বলে মনে পরে সেই সব দিনের কথা
পুরনো দিনের কথা ভাবলেই বুকে লাগে ব্যাথা ।
যত্ন করে মেয়েরা মোদের নিয়ে যেত ঘরে
নরম হাতের গরম ছোয়ায় কেবল যেতাম ঘুরে।
হরেক রকম গাড়িতে করে করতাম অনেক Tour
Pen drive এখন খাচ্ছে সেই লাভের গুড় ।
১০টা গানেই আমরা আগে করে দিতাম মাত
বসে থাকতে থাকতে এখন আমাদের হয়ে যাচ্ছে বাত ।
নতুন নতুন technology-কে লোকে করে salute
তারই ফলে দিনে দিনে মোরা হয়ে যাচ্ছি obsolete.

রামের যেমন বনবাস হয়েছিল ঠিক তেমনি
ঢোলের চেন্নাইবাস নিয়ে লেখা কবিতা

সকাল থেকে শুরু করে যা সব ভাবব
হাতে নাতে লেখা হলেই হয়ে যাবে কাব্য
তামিল দেশেতে বসে নেই ভাই কোনো কাজ
খই নেই সাথে মোর ,তাই বসে ধোসা ভাজ
সকালে উঠিয়া আমি মনে মনে বলি
সারাদিন আমি যেন বিড়ি খেয়ে চলি
গরমকালে চেন্নাই এ থাকা বড় কষ্ট
হনু মুখো হতে হবে ,বলে দিলাম স্পষ্ট
জোর করে খেতে হয় ইডলি আর ধোসা
সাপের মত খুলে যায় আমার-ও খোসা
হিড়িম্বা ,পুতনা যত থাকে বাড়ির পাশে
সকাল সন্ধ্যা আমায় দেখে সেকি হাসে
সবার -ই মাথাতে দেখি ,ফুলমালা ভান্ড
নিরুপায় হয়ে শুঁকি জুই বেলি গন্ধ
কি করি কোথা যাব বলে দাও কেউ ভাই
যমালয় -এর 3rd ফ্লোর ,নাম তার চেন্নাই

By Saikat

আমাদের ঢোলবাবুর ভাগ্যের দোষ হলো
সোনার বাংলা ছেড়ে চেন্নাই চলে গেল
সাউথের ইডলি ধোসার অদ্ভুত সে জাদু
দিনরাত খাচ্ছে দেখো নাতি থেকে দাদু
খিদের চোটে ঢোলকবি যেই সে খাবার খেল
Non Veg কবি হঠাৎ Veg হয়ে গেল
ভালই ছিল লিখত তখন পানু গদ্য-পদ্য
শিশু ছড়া লেখে এখন খেয়ে সে অখাদ্য
আবোল তাবোল যতই লেখে সাদামাটা অর্থ
পাতি লেখা লিখতে কবি ভীষণ ভাবে ব্যর্থ
আশা করে বসে আছে কবে যাবে ঘর
মুর্শিদাবাদের পানুমাটি আবার দেবে বর
লিখবে আবার আগের মত ফলবে তখন পানু
বোমকে যাবে পড়লে তাহা বিজ্ঞ যত ঝানু

By Saikat

# ঢোলের চেন্নাই বাস-অন্তিম ভাগ

প্রথম প্রথম চেন্নাই এসে পেয়েছিল ভারি দুঃখ
সবার কাছে বলে বেড়াত জায়গাটা ভারি রুক্ষ ।
রাক্ষসেরা কি যে বলত বুঝত না সেই ভাষা
খাবার বলতে ইডলি ধোসা রসম্ দিয়ে ঠাসা।
সেই খাবার খেয়ে খেয়ে ননভেজ এক কবি
পাল্টে গিয়ে হয়ে যায় নিরস ভেজ কবি ।
ঘর বাড়ি ছেড়ে সেথায় কষ্ট করে থাকে
লোকাল লোক ভাবত সবাই যে দেখত তাকে।
হিড়িম্বা পূতনারা মারত তাকে ঝাড়ি
ভেবে ফেলত তাকে নিয়ে যাবে সে তার বাড়ি ।
যেখানে খুশি চলে যেত চড়ে তার বাইক
গলা শুনে মনে হত কেষ্ট দাসের মাইক।
চেন্নাইতে গরমকালে থাকার কত কষ্ট
বুঝতে পারে সেই যার A.C/Fan হয়েছে নষ্ট ।
গোঁদের উপর বিষফোড়া loadshedding তার নাম
বাচ্চা বুড়ো মাসি পিসির ছুটিয়ে দেয় ঘাম ।
প্রথম প্রথম Chennai নিয়ে বলতো কটু কথা
Facebook- e তা হয়ে গেছে নিজের জীবন গাঁথা।

এর পর হঠাৎ

সত্যনারায়ন পুজার দিন সৌরভদার বাড়িতে
পরিচয় হয়ে গেল এসেছিল যারা গাড়িতে।
অবাক হয়েছিলাম আমি শুনে অনেক তথ্য
একাকিত্ব দূর করবার পেয়েছিলাম ভাল পথ্য ।
দক্ষিনীর সদস্য তাই হয়ে গেলাম জট্‌পট্
তার পরেই পেয়ে গেলাম আনন্দের জ্যাক্‌পট্ ।
অচেনা এই শহরে বন্ধু অনেক পেলাম
সুখময় স্মৃতি নিয়ে ব্যাঙ্গালোরে গেলাম।

By Dholkobi